গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-০২
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.imed.gov.bd

নিবিড় পরিবীক্ষণ পরিচালনার জন্য Terms of Reference (ToR):

১। প্রকল্পের নাম : কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট জেলা মহাসড়ক যথাযথ মানে উন্নীতকরণসহ ছয়না-যশোদল-চৌদ্দশত বাজার সংযোগ সড়ক নির্মাণ

২। প্রকল্পের ধরণ : বিনিয়োগ প্রকল্প

৩। অর্থায়ন : জিওবি

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৫। বাস্তবায়নকারী সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর।

৬। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	কিশোরগঞ্জ	কিশোরগঞ্জ সদর, করিমগঞ্জ

৭। **প্রকল্পের ব্যয়ঃ** (লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকায়)	:	মোট	জিওবি	প্রকল্প সাহায্য
মূল অনুমোদিত	:	৭৩১৩১.৮৫	৭৩১৩১.৮৫	০.০০

৮। **বাস্তবায়নকালঃ** ০১/১১/২০১৯ হতে ৩০/০৬/২০২৩।

৯। **প্রকল্পের পটভূমিঃ**

- কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট সড়কটি একটি গুরুত্বপূর্ণ জেলা মহাসড়ক। সড়কটি কিশোরগঞ্জ জেলা সদর হতে করিমগঞ্জ উপজেলার মধ্য দিয়ে অতিক্রম করে হাওড় অধ্যুষিত তিনটি উপজেলা ইটনা, মিঠামইন-অষ্টগ্রাম এর সংযোগস্থল চামড়াঘাট বন্দরের সঙ্গে সরাসরি সংযোগ করার লক্ষ্যে ৭৩১৩১.৮৫ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর, ২০১৯ হতে জুন, ২০২২ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি অনুমোদিত হয়েছে। বর্তমানে ১ম বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১/১১/২০১৯খ্রিঃ হতে ৩০/০৬/২০২৩খ্রিঃ তারিখ পর্যন্ত করা হয়েছে।

১০। **প্রকল্পের উদ্দেশ্যঃ**

- কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট জেলা মহাসড়ক প্রশস্থকরণ ও মজবুতিকরণের মাধ্যমে বিরাজমান সড়ক নেটওয়ার্কের মান উন্নীতকরণ;
- ছয়না-যশোদল-চৌদ্দশত বাজার সংযোগ সড়ক নির্মাণের মাধ্যমে চামড়াঘাট স্থল বন্দরের সাথে রাজধানী ঢাকাসহ অন্যান্য জেলার সঙ্গে সরাসরি নিরাপদ, আরামদায়ক, সময় এবং ব্যয় সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা করা।

১১। **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- সড়ক বাঁধে মাটির কাজ ২.৮৮৪৮৩ লঃঘঃমিঃ;
- সড়ক প্রশস্থকরণে মাটির কাজ ২.৫৯৯০২ লঃঘঃমিঃ;
- আরসিসি রিজিড পেভমেন্ট নির্মাণ ২.২০০ কিঃমিঃ;
- পিসি গার্ডার সেতু নির্মাণ (১টি) ৪৪.০০ মিঃ;
- নতুন আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (৩৯টি) ৯৬.০০ মিঃ;
- বিদ্যমান কালভার্ট প্রশস্থকরণ (৪টি) ২২.০০ মিঃ।

১২। **পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্বঃ**

১২.১ বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অর্থায়ন, অনুমোদন/ সংশোধনের অবস্থা ইত্যাদি প্রাসঙ্গিক সকল বিষয়ের বিস্তারিত তথ্য (প্রযোজ্য ক্ষেত্রে) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.২ প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্মপরিকল্পনা, বরাদ্দ, অর্থছাড় ও ব্যয় এবং বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির (বাস্তব ও আর্থিক) তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;

১৩.৩ প্রকল্পের ডিপিপি অনুযায়ী বাস্তবায়ন, উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output অর্জন পর্যালোচনা, পর্যবেক্ষণ ও মূল্যায়ন;

১২.৪ প্রকল্পের বাস্তবায়নে নির্ধারিত সময়ের বেশি (Time over run) ও ব্যয় বৃদ্ধি (Cost over run) এর কারণগুলো (যদি থাকে) বিস্তারিত বর্ণনা করতে হবে। বিশেষত দরপত্র ব্যবস্থাপনায় PPR, 2008 এর নির্ধারিত সময়ের বেশি ব্যয় হয়েছে কিনা ইত্যাদি বিষয়ে পর্যালোচনা;

১২.৫ প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর, উন্নয়ন সহযোগীর গাইডলাইন ইত্যাদি) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.৬ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য রেজিস্টার সংরক্ষণ প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.৭ প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয়চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুণগত মান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.৮ প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদি কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.৯ প্রকল্পের (প্রযোজ্য ক্ষেত্রে) ভূমি অধিগ্রহণ এবং ইউটিলিটি শিফটিং এর বিষয়ে বিস্তারিত তথ্য উপস্থাপনা এবং পর্যালোচনা;

১২.১০ প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.১১ উন্নয়ন সহযোগী সংস্থা (যদি থাকে) কর্তৃক চুক্তি স্বাক্ষর, চুক্তির শর্ত, ক্রয় প্রস্তাব প্রক্রিয়াকরণ ও অনুমোদন, অর্থ ছাড়, বিল পরিশোধে সম্মতি ও বিভিন্ন মিশন এর সুপারিশ ইত্যাদির তথ্য-উপাত্তভিত্তিক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.১২ প্রকল্প সমাপ্তির পর সৃষ্ট সুবিধাদি টেকসই (Sustainable) করার লক্ষ্যে সুনির্দিষ্ট মতামত প্রদান;

১২.১৩ প্রকল্পের উদ্দেশ্যে, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয়ে বিবেচনা করে একটি SWOT বিশ্লেষণ;

১২.১৪ প্রকল্পের ঘোষিত লক্ষ্য, উদ্দেশ্য অর্জনের ক্ষেত্রে কতটা কাঙ্ক্ষিত অগ্রগতি হয়েছে, প্রকল্পের IRR, NPV ইত্যাদি অর্জনের ক্ষেত্রে কতটা অগ্রগতি হয়েছে সে সম্পর্কে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.১৫ প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন করবে এবং জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন করবে। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন করবে;

১২.১৬ প্রকল্প ব্যবস্থাপনা, প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প সমীক্ষা তত্ত্বাবধান কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সভার ও প্রতিবেদনের সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ, প্রকল্প ব্যবস্থাপনার দক্ষতার বিষয়ে সার্বিক মূল্যায়ন ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;

১২.১৭ সমীক্ষা কার্যক্রমের চূড়ান্ত বাংলা ও ইংরেজি প্রতিবেদন Professional Proof Reader কর্তৃক যাচাইপূর্বক প্রত্যয়নসহ চুড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে;

১২.১৮ নির্বাচিতব্য প্রতিষ্ঠানসমূহ যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডিতে দাখিল করতে হবে;

১২.১৯ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলী।

১৩। পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্র: নং	ফার্ম ও ফার্মের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক ফার্ম	-	● গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্ট্যাডি পরিচালনায় ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা;
২)	ক) টিম লিডার	সিভিল ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রি। সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	● সড়ক ও সড়ক অবকাঠামো ডিজাইন ও নির্মাণ কাজে কমপক্ষে ১৫ (পনের) বছরের অভিজ্ঞতা ; ● টিম লিডার হিসাবে ০৩ (তিন) বছর অথবা ডেপুটি টিম লিডার হিসাবে ০৫ (পাঁচ) বছর অথবা সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ২০ (বিশ) বছরের অভিজ্ঞতা। ● Advanced and Innovative Pavement Engineering Technology বিষয়ে অভিজ্ঞতা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব বিবেচনায় টেকসই সড়ক অবকাঠামো নির্মাণ বিষয়ে অভিজ্ঞতা; ● প্রকল্প ব্যবস্থাপনা ও পরিচালনা সংক্রান্ত বিষয়ে বাস্তব অভিজ্ঞতা;
			● পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট-২০০৬ (পিপিএ) ও পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮ এবং উন্নয়ন সহযোগী সংস্থার গাইডলাইন বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে; ● কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSS সহ অন্যান্য Statistical Software Package পরিচালনায় দক্ষ হতে হবে এবং ● প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে।
	খ) মিড-লেভেল ইঞ্জিঃ	সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি, সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	● সিভিল ইঞ্জিনিয়ারিং কাজে কমপক্ষে ৮ (আট) বছরের অভিজ্ঞতা; ● সড়ক নির্মাণ কাজে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা; ● সড়কের গুণগতমান পরীক্ষায় কমপক্ষে ৪(চার) বছরের অভিজ্ঞতা।
	গ) সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ	সিভিল/ট্রান্সপোর্ট ইঞ্জিনিয়ারিং অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি	● সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা ; ● সড়ক নিরাপত্তা কাজে ন্যূনতম ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা।
	ঘ) ভূমি অধিগ্রহণ ও রিসেটেলমেন্ট বিশেষজ্ঞ	যে কোন বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি	● ভূমি অধিগ্রহণ ও রিসেটেলমেন্ট সংক্রান্ত কাজে কমপক্ষে ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।

- পরামর্শক প্রতিষ্ঠানের সাথে তার নিয়োগকৃত পরামর্শক টিমের প্রতি সদস্যের সাথে চুড়ান্ত প্রতিবেদন প্রণয়ন পর্যন্ত সম্পাদিত চুক্তির কপি প্রারম্ভিক প্রতিবেদনে সংযুক্ত করতে হবে।
- পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত টিম চুক্তির মেয়াদ পর্যন্ত সকল সভায় অংশগ্রহণসহ প্রতিবেদন প্রণয়নে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। টিম লিডার এ কাজের প্রধান মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করবেন।

১৪। **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

ক্র:	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	সংখ্যা
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে	২৪ (টেকনিক্যাল কমিটি ১২ + সমীক্ষা তত্ত্বাবধান কমিটি ১২) কপি
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে	২৪ (টেকনিক্যাল কমিটি ১২ + সমীক্ষা তত্ত্বাবধান কমিটি ১২) কপি
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে	১০০ কপি (জাতীয় কর্মশালা)
৪.	চূড়ান্ত খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে	১২ (টেকনিক্যাল কমিটি ১২) কপি
৫.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলা ও ইংরেজী)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে	৬০ (বাংলা ৪০+ইংরেজী ২০) কপি

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২ (পরিবহন), আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

৬.০ **আইএমইডি কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: ডিপিপি/আরডিপিপি/পরিদর্শন প্রতিবেদন/পিসিআর); এবং
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।